

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

সুরক্ষা সেবা বিভাগের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলাবর্তক সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রদীপ রঞ্জন চক্রবর্তী
অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ
তারিখ : ১৫ সেপ্টেম্বর ২০১৯
সময় : বেলা ০২.০০ টা
স্থান : সভাপতির অফিস কক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।


উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। তিনি জানান যে, ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ৫.১.১ নং কর্মসম্পাদন সূচকে 'পরিদর্শনে মাঠ পর্যায়ের প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলাবর্তক সভা' শীর্ষক কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। এ জাতীয় কার্যক্রমে ০৬টি ফলাবর্তক সভা অনুষ্ঠান করার জন্য সর্বোচ্চ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

০২। এ প্রসঙ্গে সভাপতি জানান যে, সুরক্ষা সেবা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) মি: সৈয়দ আবদুল মমিন গত ০৮/০৯/২০১৯ তারিখে তজুমুদ্দিন ফায়ার স্টেশন সরেজমিনে পরিদর্শন করেন। তার পরিদর্শন প্রতিবেদনে বলা হয়েছে যে, তজুমুদ্দিন ফায়ার স্টেশন নির্মাণের জন্য নির্বাচিত ঠিকাদার বরাবর গত ১৬/০৫/২০১২ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। কাজ সম্পাদনের জন্য ১৮ মাস সময়সীমা নির্ধারণ করা ছিল। নির্ধারিত সময়ের প্রায় ৩৪ মাস পর ১১/০৩/২০১৫ তারিখে ভবনটি লালমোহন গণপূর্ত উপবিভাগ কর্তৃক ভোলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বরাবর হস্তান্তর করা হয়।

০৩। ইতোমধ্যে উক্ত ফায়ার স্টেশনটির প্রতিটি কক্ষের দেয়ালে ফাটল দেখা দিয়েছে এবং কিছু কিছু ফাটল বেশ বড় এবং মারাত্মক ঝুঁকিপূর্ণ। দেয়ালের পলেস্তারা খসে গেছে, পানি চুয়ানোর কারণে স্যান্টস্যাঁতে হয়ে গেছে, লোহার জানালা ও গ্রিলে মরিচা পড়েছে, দেয়ালের রং বিবর্ণ হয়ে পড়েছে। ভবনটির বৈদ্যুতিক লাইন ত্রুটিপূর্ণ বলেও অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয় জানিয়েছেন এবং এ সব বিষয়ের স্থির চিত্র পরিদর্শন প্রতিবেদনের সাথে যুক্ত করে দিয়েছেন। উপরে বর্ণিত অবস্থার প্রেক্ষিতে আলোচ্য বিষয়ে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়:

- (৩.১) নির্মাণের মাত্র ০৪ (চার) বছরের মধ্যে তজুমুদ্দিন ফায়ার স্টেশনের উক্তরূপ অবস্থা সম্পর্কে গণপূর্ত বিভাগের প্রধান প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে ০১টি পত্র দিতে হবে;
- (৩.২) তজুমুদ্দিন ফায়ার স্টেশনের ত্রুটিপূর্ণ বৈদ্যুতিক লাইন, ত্রুটিপূর্ণ পানির লাইন, স্টেশনের সাজ-সরঞ্জামাদি বিকল হয়ে পড়া ইত্যাদি সমস্যা আশু সমাধানকল্পে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর'কে বলতে হবে।

০৪। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম প্রধান
সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩৩.০০১.১৭- ৫২০/১

তারিখ : ৩১ ভাদ্র ১৪২৬
১৫ সেপ্টেম্বর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মল্লিকা রাণী মন্ডল)
সহকারী সচিব